গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

**ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ)**

দক্ষিণ নগর ভবন ১৪তলা, ফুলবাড়িয়া, ঢাকা-১০০০
ওয়েব সাইট: www.dtca.gov.bd

স্মারক সংখ্যা ৩৫.০২.০০০০.০০২.১৬.০০১.১৮-২৭৬ তারিখঃ ২৪ জুলাই ২০১৮ খ্রিস্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ)-এর রাজস্ব খাতে অস্থায়ীভাবে সৃজনকৃত নিম্নলিখিত নন-ক্যাডার পদসমূহ পুরণের লক্ষ্যে সরকারী বেতন স্কেল ২০১৫ এর ৯ম গ্রেডে (২২০০০-৫৩০৬০) পদের পার্শ্বে বর্ণিত যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের স্থায়ী নাগরিকগণের নিকট থেকে দরখাস্ত আহব্বান করা যাচ্ছে:

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|
| ১ | সহকারী আরবান প্লানার | ১ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আরবান প্লানিং বিষয়ে স্নাতক ডিগ্রি। |
| ২ | সহকারী আর্কিটেক্ট | ১ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আর্কিটেকচার বিষয়ে স্নাতক ডিগ্রি। |
| ৩ | সহকারী জিআইএস এনালিষ্ট | ১ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আরবান প্লানিং বিষয়ে স্নাতক ডিগ্রি। |
| ৪ | সহকারী ট্রান্সপোর্ট প্লানার | ১ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পুরকৌশল / আরবান প্লানিং বিষয়ে স্নাতক ডিগ্রি। |
| ৫ | সহকারী ট্রান্সপোর্ট ইকোনোমিষ্ট | ১ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পুরকৌশল বিষয়ে স্নাতক অথবা পরিবহন অর্থনীতি বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি। |
| ৬ | সহকারী ম্যানেজার (ট্রাফিক সার্ভে) | ১ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পুরকৌশল বিষয়ে স্নাতক ডিগ্রি। |
| ৭ | সহকারী ট্রান্সপোর্ট ইঞ্জিনিয়ার | ১ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পুরকৌশল/যন্ত্রকৌশল বিষয়ে স্নাতক ডিগ্রি। |
| ৮ | সহকারী ট্রাফিক ইঞ্জিনিয়ার | ১ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পুরকৌশল বিষয়ে স্নাতক ডিগ্রি। |
| ৯ | সহকারী ডিজাইন ইঞ্জিনিয়ার | ১ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পুরকৌশল বিষয়ে স্নাতক ডিগ্রি। |
| ১০ | সহকারী পলিউশন কন্ট্রোল প্লানিং অফিসার | ১ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে এনভায়রনমেন্টাল বিষয়ে স্নাতক ডিগ্রিসহ এনভায়রনমেন্টাল সাইন্স/ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি। |
| ১১ | সহকারী মাস ট্রানজিট প্লানার (এমআরটি) | ১ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পুরকৌশল/যন্ত্রকৌশল/তড়িৎকৌশল বিষয়ে স্নাতক ডিগ্রি। |
| ১২ | সহকারী মাস ট্রানজিট প্লানার (বিআরটি) | ১ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পুরকৌশল/যন্ত্রকৌশল বিষয়ে স্নাতক ডিগ্রি। |
| ১৩ | সহকারী মাস ট্রানজিট ইঞ্জিনিয়ার (এমআরটি) | ১ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পুরকৌশল/যন্ত্রকৌশল/তড়িৎকৌশল বিষয়ে স্নাতক ডিগ্রি। |
| ১৪ | সহকারী মাস ট্রানজিট ইঞ্জিনিয়ার (বিআরটি) | ১ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পুরকৌশল/যন্ত্রকৌশল বিষয়ে স্নাতক ডিগ্রি। |
| ১৫ | সহকারী হিসাব ও অর্থ কর্মকর্তা | ১ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য/হিসাব বিজ্ঞান/ফিন্যান্স বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি বা দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান) ডিগ্রিসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি। |
| ১৬ | সহকারী পরিচালক | ১ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে প্রথম অথবা দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি বা দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান) ডিগ্রিসহ দ্বিতীয় শ্রেণী স্নাতকোত্তর ডিগ্রি। |
| | মোট | ১৬ | |

<u>শর্তসমূহঃ</u>

১. নিয়োগ বিজ্ঞপ্তি www.rthd.gov.bd, www.dtca.portal.gov.bd ও http://dtca.teletalk.com.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।
২. প্রার্থীগণকে http://dtca.teletalk.com.bd ওয়েবসাইটে প্রবেশপূর্বক Online Application Form পূরণ করার মাধ্যমে আবেদন করতে হবে। আবেদন করার পদ্ধতি উল্লিখিত ওয়েবসাইট হতে বিস্তারিত জানা যাবে। আবেদন পত্র আগামী ২৯ জুলাই ২০১৮খ্রি: সকাল ৯:০০ ঘটিকা হতে ২৬ আগষ্ট ২০১৮ খ্রি: তারিখ বিকাল ৫:০০ ঘটিকা পর্যন্ত গ্রহণ করা হবে।
৩. প্রার্থীগণকে আবেদন ফী বাবদ ১,০০০.০০ (এক হাজার) টাকা (অফেরতযোগ্য) Teletalk এর Prepaid নম্বর থেকে SMS এর মাধ্যমে প্রদান করতে হবে।
৪. আবেদনকৃত প্রার্থীগণের মধ্যে হতে বাছাইকৃত ও যোগ্য প্রার্থীগণকে লিখিত পরীক্ষার জন্য ডাকা হবে। মেধাক্রমের ভিত্তিতে উপযুক্ত প্রার্থীগণকে মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে। এক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৫. মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা (এসএসসি) বা সমমানের পরীক্ষার সনদপত্রে উল্লিখিত জন্ম তারিখ অনুযায়ী প্রার্থীর বয়স নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে সর্বোচ্চ ৩০ বৎসর হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেফিট গ্রহণযোগ্য নয়। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তান, এতিমখানা নিবাসী ও প্রতিবন্ধী ব্যক্তিগণের জন্য সর্বোচ্চ বয়সসীমা ৩২ (বত্রিশ) বৎসর।

৬. শিক্ষা জীবনে কোনস্তরে পরীক্ষায় তৃতীয় শ্রেণীর ফলাফল গ্রহণযোগ্য নয় (এসএসসি/এইচএসসি বা সমমানের পরীক্ষায় সর্বনিম্ন জিপিএ ২.০০; অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সিজিপিএ ৪ এবং ৫ পয়েন্ট স্কেলে যথাক্রমে সর্বনিম্ন সিজিপিএ ২.২৫ ও ২.৮১৩)।

৭. O' Level এবং A' Level এর ক্ষেত্রে এদেশীয় সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate), বিদেশী বিশ্ববিদ্যালয় হতে প্রাপ্ত ডিগ্রীর ক্ষেত্রে দেশী সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন/উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate) অনুযায়ী ডিগ্রী ও ফলাফলের তথ্য প্রদান করতে হবে।

৮. একজন প্রার্থী কেবলমাত্র ০১ (এক) টি পদের জন্য আবেদন করতে পারবেন। তবে নিয়োগকারী কর্তৃপক্ষ প্রয়োজনে একই যোগ্যতাসম্পন্ন এবং পরীক্ষার সকল ধাপে উত্তীর্ণ প্রার্থীকে সমবেতন কাঠামোর অন্য কোন পদে শিক্ষানবিশ হিসাবে নিয়োগ দিতে পারবে।

৯. নিয়োগের ক্ষেত্রে সরকারী কোটা পদ্ধতি (প্রযোজ্য ক্ষেত্রে) অনুসরণ করা হবে। প্রার্থী মুক্তিযোদ্ধা / শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা অথবা মুক্তিযোদ্ধা / শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে অথবা অন্য কোন কোটায় আবেদন করতে হলে Online এ আবেদন ফরমের নির্ধারিত ঘর পূরণ করতে হবে।

১০. সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত/প্রকল্প/কোম্পানিতে কর্মরত আগ্রহী প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের অনুমতি গ্রহণপূর্বক আবেদন করতে হবে এবং অনুমতিপত্র মৌখিক পরীক্ষার সময় জমা দিতে হবে।

১১. কোন পর্যায়ের পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীগণকে কোন টিএ / ডিএ প্রদান করা হবে না।

১২. চূড়ান্তভাবে মনোনিত প্রার্থীকে অবশ্যই যথোপযুক্ত নির্ধারিত চিকিৎসক / চিকিৎসা প্রতিষ্ঠান কর্তৃক স্বাস্থ্যপরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

১৩. লিখিত পরীক্ষার সময় পরীক্ষার্থীগণকে অবশ্যই প্রয়োজনীয় প্রস্তুতিসহ কলম / পেন্সিলসহ অন্যান্য প্রয়োজনীয় সরঞ্জাম সাথে আনতে হবে। প্রবেশ পত্রে প্রদত্ত নির্দেশনা এ ক্ষেত্রে প্রযোজ্য হবে।

১৪. মৌখিক পরীক্ষার সময় পরীক্ষার্থীগণকে অবশ্যই সকল সনদ, অভিজ্ঞতা ও প্রশিক্ষণের মূল কপি প্রদর্শন করতে হবে এবং এক কপি সত্যায়িত ছায়ালিপি জমা দিতে হবে।

১৫. নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে এবং কর্তৃপক্ষ প্রয়োজনে পদ সংখ্যা হ্রাস / বৃদ্ধি বা সমন্বয় করতে পারবেন।

১৬. তথ্য গোপন বা ভুল তথ্য প্রদান করে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৭. যে কোন ধরণের তদবির বা ব্যক্তিগত যোগাযোগ প্রার্থীর অযোগ্যতা হিসাবে গণ্য হবে।

১৮. লিখিত পরীক্ষার সময়সূচী ও স্থান (কেন্দ্রের ঠিকানা), প্রবেশপত্র, মৌখিক পরীক্ষার সময়সূচী, ফলাফল ও অন্যান্য প্রয়োজনীয় বিষয় আবেদনকারী কর্তৃক প্রদত্ত মোবাইল ফোন নম্বরে SMS এর মাধ্যমে প্রদান করা হবে। এ ছাড়াও টেলিটক এর ওয়েবসাইটে http://dtca.teletalk.com.bd এবং ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষের ওয়েবসাইটে www.dtca.portal.gov.bd এ পাওয়া যাবে।

১৯. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ বিজ্ঞপ্তির আংশিক সংশোধন বা সম্পূর্ণ বিজ্ঞপ্তি বা পুরো নিয়োগ প্রক্রিয়া বাতিল বা সাময়িক ভাবে স্থগিত করার ক্ষমতা সংরক্ষণ করে এবং নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত কোন বিষয় বা অংশের অধিকতর ব্যাখ্যার প্রয়োজনে নিয়োগকারী কর্তৃপক্ষ প্রদত্ত ব্যাখ্যাই চূড়ান্ত বলে গণ্য হবে।

২৪/৭/২০১৭

নির্বাহী পরিচালক
ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ